

গাজী-গান

১. শোনেন শোনেন দেশবাসী
শোনেন দিয়া মন
এমন এক রোগের কথা করিব বর্ণণ
যে রোগেতে মানুষের হয় করুণ মরণ ।
২. দুই সপ্তাহের বেশী জ্বর
হয়ে যাও তৎপর
সাথে যদি প্লীহা বাড়ে
কালাজ্বর থাকতে পারে ।
এক ফোটা রক্ত দিয়ে
পরীক্ষাটা নাও করিয়ে
কালাজ্বর পড়লে ধরা
চিকিৎসায় ব্যধি তাড়া
খরচ নেই একটি পয়সা
এটাই প্রকৃত কিসসা ।
৩. ডাক্তারের পরামর্শে
ঔষধ সেবন করিলে
কালাজ্বর ভালো হয়
জানিবেন সকলে ।
৪. চিকিৎসায় জটিলতা
নাইতো কিছু আর
উন্নত ঔষধ যেথায়
হচ্ছে ব্যবহার ।
৫. নিয়মিত ফলোআপে
আসতে হবে ভাই
কালাজ্বর নির্মূলে
এর বিকল্প যে নাই ।
৬. এই রোগ হলে কারো
চিত্তার কিছু নাই,
নিয়ম মানিয়া
সুস্থ জীবন-যাপন চাই ।
৭. বেলেমাছির বংশ বিস্তার
করতে নিয়ন্ত্রণ
ভিতর দেওয়ালে
ছিটাই প্রয়োজন ।
৮. বিনামূল্যে কীটনাশক
ছিটাচ্ছে সরকার,
এই কাজে জড়িত হয়ে
সাহায্য দরকার ।
৯. পরিস্কার রাখো যদি
গো শালার পরিবেশ
বেলে মাছির বংশ বিস্তার
চিরতরে শেষ ।
১০. মাটির ঘরের দেয়াল জুড়ে
চিরল ফাটল মাঝে
বেলেমাছি
দিনে লুকায় বাহির
রাত ও সাঁঝে
১১. লেপন পুছা দিয়ে
বন্ধ হয়ে যায় ফাটল,
কালাজ্বর মুক্ত হয়ে
স্বাস্থ্য রাখো অটল ।

১২. মশারির ভিতরে

ঘুমাও যদি রাতে
বেলেমাছি কামড়াবে না
জেনে রেখো তাতে ।

১৩. কথা বার্তা মেনে চললে

কালাজ্বর দূরে রয়
মরণ ব্যধির বিষের ছোবল
মৃত্যু করে জয়

১৪. সচেতন হয়ে উঠো

সোনার বাংলার লোক
কালাজ্বর ভয়ংকর রোগটি
চির নির্মূল হোক ।